উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা

## সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, আটপাড়া এর সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ খায়রুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।
সভার তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২১।
সভার সময় : বেলা : ১১.০০ ঘটিকা।

উপস্থিতি: সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-' ক''। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভাপতি মহোদয় আনুষ্ঠানিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানালে তিনি সভা পরিচালনা করেন।

**পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:** গত আগষ্ট/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় এবং কোনরুপ সংশোধনীসহ তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগওয়ারি আলোচনা ও সিদ্ধান্ত:**

| ক্র: নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রানিসম্পদ বিভাগ:** উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান, কোভিড-১৯ এর টিকা দেয়া চলমান রয়েছে। চলতি মাসে করোনা আক্রান্ত রোগী সংখ্যা ৭, মৃত্যু ১ এবং চিকিৎসাধীন ৬ সহ মোট নমুনা পরীক্ষা ৬২। সকলে যাতে টিকা গ্রহণ করেন সে বিষয়ে মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারসহ এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা চাওয়া হয়। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প:কর্মকর্তা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল)/ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া,নেত্রকোণা |
| ০৩. | **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, রাসায়নিক সারের সাময়িক সংকট সমাধান করা হয়েছে। চলতি মাসে ইউরিয়া, ডিএসপি ও এমওপি সারের যথাক্রমে ১৮০মে.ট, ১৭৪ মে.ট ও ১৭৪ মে.ট অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে | (ক) সারের যেন সংকট না হয় সে বিষয়ে সর্তক থাকতে হবে।<br>(খ) দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ০৪. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সরকারি নির্দেশনা মোতাবেক সারাদেশের ন্যায় এ উপজেলায় সকল মাধ্যমিক স্কুল ও কলেজে নিয়মিত শ্রেণী কার্যক্রম চলছে। অধিদপ্তর কর্তৃক প্রদত্ত রুটিন মেনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি নিশ্চিত করে প্রতিদিন শ্রেণী কার্যক্রম চলছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | সকল কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, প্রতিটি বিদ্যালয়ে শিক্ষার্থীর তাপমাত্রা মাপা হচ্ছে। কোনো শিক্ষার্থীর তাপমাত্রা বেশি পরিলক্ষিত হলে তাকে বিদ্যালয়ে আসতে নিষেধ করা হচ্ছে। প্রতিটি বিদ্যালয়ে স্বাস্থ্যবিধির সকল উপকরণ নিশ্চিত রেখে সরকারি নির্দেশনা মোতাবেক রুটিন মাফিক শ্রেণী পাঠদান চলছে। তিনি সভায় আরো জানান, উপজেলা পরিষদের কোয়ার্টার সমূহের নিরাপত্তার স্বার্থে প্রতিটি রাস্তায় এবং ভবনের সামনে লাইটিং এবং সিসিটিভির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | ০১.দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।<br>০২.উপজেলা রাজস্ব তহবিল হতে লাইট এবং সিসি ক্যামেরা স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা ও উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজ সেবা বিভাগ:** উপজেলা সমাজ সেবা অফিসার সভায় জানান, এ উপজেলায় সকল প্রতিবন্ধী ব্যক্তির প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কর্মসূচির অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে প্রতি সপ্তাহে সোমবার উপজেলা পরিষদ আটপাড়া নেত্রকোণায় জরিপ | দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |

CamScanner

<table>
<tr><td></td><td>কর্মসূচি পরিচালিত হচ্ছে। সামাজিক নিরাপত্তা বেস্টনী কর্মসূচির আওতায় অনলাইনে আবেদনকৃত বয়স্ক ও বিধবা ভাতার আবেদন তালিকা যাছাই বাছাইের জন্য ইউনিয়ন পরিষদে পাঠানো হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৭.</td><td>যুব উন্নয়ন অধিদপ্তর:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়াকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা</td></tr>
<tr><td>০৮.</td><td>সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান, ত.র বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোনা</td></tr>
<tr><td>০৯.</td><td>প্রকৌশল বিভাগ:<br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদ শিশু পার্ক প্রাঙ্গনে ঝড়ে পড়া গাছের নিলামের বিক্রয়লব্ধ অর্থ যথাযথ খাতে জমা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান যে, বিভিন্ন উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাস্টার প্ল্যান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২০ বাস্তবায়নের জন্য নিম্নলিখিত প্রকল্প গ্রহণ করা হয়।
<table>
<tr><th>ক্র: নং</th><th>প্রকল্পের নাম</th><th>দৈর্ঘ্য</th></tr>
<tr><td>০১</td><td>আটপাড়া অভয়পাশা R&H সড়ক হতে জিয়াউল চৌধুরীর বাড়ি পর্যন্ত সড়ক নির্মাণ</td><td>১২০.০০ মি</td></tr>
</table></td><td>০১. উক্ত প্রকল্পটি প্রস্তাব প্রেরণ করার জন্য উর্ধ্বতন কৃর্তপক্ষের নিকট প্রেরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত হয়।<br>০২. দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোনা</td></tr>
<tr><td>১০.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সভায় জানান, লুনেশ্বর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে USAID এর অর্থায়নে মা-মণি সহযোগিতায় মিডওয়াইফ নিয়োগ দেওয়া হয়েছে।নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করার সকলের সার্বিক সহযোগিতা করেন এবং আগষ্ট মাসের মাসিক সভার সিদ্ধান্ত অনুযারী রেড ক্রিসেন্ট হাসপাতালে নরমাল ডেলিভারি করার প্রযোজনীয় সামগ্রী প্রদান করা হয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে</td><td>নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করার জন্য বহুল প্রচারের জন্য লুণেশ্বর ইউনিয়ন পরিষদের দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোনা</td></tr>
<tr><td>১১.</td><td>মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কাজ কর্ম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>১২.</td><td>পল্লী উন্নয়ন বিভাগ:<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি।</td><td>নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা</td></tr>
<tr><td>১৩.</td><td>ত্রাণ ও দুর্যোগ বিভাগ:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরে টিআর, কাবিখা ও কাবিটা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ৭টি ইউনিয়নের অনুকূলে ছাড় করা হয়েছে। নির্বাচন কমিশন ও স্থানীয় সরকার মন্ত্রণালয় হতে নির্বাচন বিধি ও আইন মেনে প্রকল্প তালিকা গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>আটপাড়া,নেত্রকোণা</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, আইজি প্রকল্পের ফ্যাশন ডিজাইন, ভার্মিকম্পোষ্ট, মাশরুম চাষ এবং মৌ চাষ এর প্রশিক্ষণ ৩ মাস মেয়াদি চলমান। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।</td><td>বদাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা</td></tr>
<tr><td>১৫.</td><td>উপজেলা খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপজেলা খাদ্য কর্মকর্তা<br>আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৬.</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর:<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য এর প্রতিনিধি সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করতে হবে।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
<tr><td>১৭.</td><td>বিদ্যুৎ বিভাগ:<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান, বিদ্যুৎ লাইনের পার্শ্বে গাছ কাটার অভিযান চলছে। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদ করতে হবে।</td><td>সহকারী জেনারেল ম্যানেজার,<br>আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি<br>আটপাড়া, নেত্রকোণা।</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **বিবিধ আলোচনা:** আসন্ন ইউপি নির্বাচন উপলক্ষে উপজেলা নির্বাচন অফিসারকে আমন্ত্রণ জানানো হলে তিনি উপস্থিত হয়ে সভায় জানান, ইউপি নির্বাচনের তফসিল ঘোষিত হয়েছে। মেয়াদ শেষে ৯০ দিনের মধ্যে ইউপি অনুষ্ঠিত হওয়ার বিধান থাকায় তফসিল ঘোষিত হয়েছে বিধায় নতুন কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা যাবে না এবং কোন প্রকল্পের ভিত্তিপ্রস্থর বা উদ্বোধন করা থেকে বিরত থাকতে হবে। | সকল ইউনিয়ন পরিষদকে ইউপি নির্বাচনের নির্দেশনা মেনে চলার জন্য অনুরোধ জানান | উপজেলা নির্বাচন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যানগণ |
| | **ইউনিয়ন পরিষদের কার্যক্রম:** ইউপি নির্বাচনের তফসিল ঘোষিত হয়েছে। চেয়ারম্যান ইউপি (সকল) প্রত্যেকেই উপস্থিত সকলের কাছে দোয়া প্রার্থনা করেন। | আসন্ন নির্বাচনে যারা অংশগ্রহণ করবেন তারা যেন নির্বাচনী আচরণ বিধি মেনে চলেন এ বিষয়ে সভায় অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান ইউপি (সকল) |

<u>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া</u> : তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। তাঁর অফিস কক্ষে বৈদ্যুতিক কাজ, দরজা জানালা ফিটিং এবং বাথরুমের সংস্কার কাজের জন্য সভায় আলোচনা করেন। উক্ত বিষয়টি সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।

<u>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া</u> : তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভায় অবহিতকরণ যে, তাঁর অফিস কক্ষে নেমপ্লেট এবং অনারবোর্ড প্রয়োজন। উক্ত বিষয়টি সভায় সর্বসম্মতভ'বে সিদ্ধান্ত হয়।

<u>উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:</u> তিনি উপস্থিত সকলকে আসন্ন শারদীয় দুর্গাপূজার অগ্রিম শুভেচ্ছা জানান। এবারের শারদীয় দূর্গাপূজা সকলের জন্য শুভ ও আনন্দময় হোক এ কামনা করেন। অন্যান্য আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **<u>০১.উপজেলা পরিষদের জন্য ক্রোকারিজ ক্রয়:</u>** উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন, উপজেলা পরিষদের পর্যাপ্ত ক্রোকারিজ না থাকায় ভিআইপি আগমন ও বিভিন্ন সভাতে নাস্তা পরিবেশনের জন্য কিছু ক্রোকারিজ প্রয়োজন। উপস্থাপিত বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনা হলো। ক্রোকারিজ ক্রয়ের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো।<br>(১) উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া- আহবায়ক<br>(২) উপজেলা সমাজসেবা কর্মকর্তা- সদস্য<br>(৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক- সদস্য | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রয়োজনীয় সংখ্যক ক্রোকারিজ ক্রয়ের সর্বসম্মতভাবে অনুমোদন দেয়া হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া/গঠিত কমিটি |
| **<u>২. গৃহীত কার্যক্রম:</u>** উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিতকরণ করেন যে, উপজেলা পরিষদ সাধারণ সভাটি অনেক গুরুত্বপূর্ণ। তাই প্রত্যেকটি বিভাগের গৃহীত কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন জমা না দিলে সে বিভাগের কার্যক্রম সম্পর্কে সঠিকভাবে জানা সম্ভব হয় না। | ইউনিয়ন পরিষদ ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের গৃহীত কার্যক্রম সম্পর্কে লিখিত তথ্য সভা অনুষ্ঠানের পূর্বেই দাখিল করতে হবে। | উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানগণ |
| **০৩.উপজেলা কমিটির সভা:** উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, উপজেলা পরিষদের ১৭টি উপজেলা কমিটি রয়েছে। উক্ত কমিটি গুলির সভার কার্যবিবরণী নিয়মিতভাবে পাওয়া যাচ্ছে না। উপস্থাপিত বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা কমিটি সমূহের সভার কার্যবিবরণী নিয়মিতভাবে প্রেরণের জন্য কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ভাইস চেয়ারম্যানগণ/ উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/ইউপি চেয়ারম্যানগণ |
| **০৪.ওয়েব পোর্টাল হালনাগাদ করণ:** উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান, উপজেলা পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে না। যার কারণে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এ বিষয়ে বার বার তাগিদ দেয়া হচ্ছে। | ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা |
| **০৫.জন্ম নিবন্ধন বিষয়ে আলোচনা:** উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান, আগামী ৬ অক্টোবর ২০২১ জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সকলকে আমন্ত্রণ জানানো হয় এবং বর্তমানে ডিজিটাল পদ্ধতিতে জন্ম নিবন্ধন কাজ চলমান রয়েছে। একজন শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে তার জন্ম নিবন্ধন কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ কাজটি ইউনিয়ন পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তিনি আরো জানান যে, জন্ম নিবন্ধন আইন- ২০০৪ এর ৮(১) ও (১) ধারায় সংশ্লিষ্টদের এ বিষয়ে নিবন্ধককে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | শিশুর জন্মের পর টিকা গ্রহণের সময় উক্ত শিশুর জন্ম নিবন্ধন করা হয়েছে কিনা সে বিষয়ে টিকা প্রদানকারী কর্মকর্তা অবগত হবেন এবং জন্ম নিবন্ধন না হয়ে থাকলে বাবা/মা/অভিভাবককে জন্ম নিবন্ধনের বিষয়ে উদ্বুদ্ধ করবেন।<br>স্বাস্থ্য সহকারীর মাধ্যমে ইউনিয়নওয়ারী জন্মগ্রহণকৃত শিশুর তথ্যাদি নিয়মিতভাবে উপজেলায় প্রেরণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার/চেয়ারম্যান ইউপি (সকল) |

CamScanner

| | | |
|---|---|---|
| উপজেলা পরিষদের নিম্নবর্ণিত অর্থ ব্যয় করা হয়েছে। উক্ত ব্যয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>(১)উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের আগষ্ট মাসের ২০২১ মাসের সম্মানীভাতা ৯৪,০০০/-(চুরানব্বই হাজার) টাকা।<br>(২) উপজেলা পরিষদের মালী আগষ্ট/২০২১ মাসের বেতন ১০,৪৫০/-(দশ হাজার চারশত পঞ্চাশ টাকা)<br>(৩) উপজেলা পরিষদের আগষ্ট/২০২১ মাসের আপ্যায়ন ও ষ্টেশনারী মালামাল ক্রয় সহ বিল ৩৫,০০০/-(পয়ত্রিশ হাজার) টাকা<br>(৪) উপজেলা পরিষদের জীপ গাড়ীর জুলাই/২০২১ এবং আগষ্ট/২০২১ মাসের জ্বালানী বাবদ ৪৪,৮২৩ টাকা | বর্ণিত ব্যয়সমূহ সভায় অনুমোদন করা হয়। | উপজেলা পরিষদ চে<br>উপজেলা নির্বাহী অ |

<u>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া</u> : তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জেলা প্রশাসক মহোদয় তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকল্পে তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নের উল্লেখ্য অবদানের জন্য তথ্য অধিকার বিষয়ক পুরস্কারের জন্য মনোনীত হয়েছেন।আন্তজার্তিক তথ্য অধিকার দিবস-২০২১ এর পুরস্কারের জন্য জেলা প্রশাসক মহোদয়কে উপজেলা পরিষদ পক্ষ হতে অভিনন্দন জানানো হয়। আসন্ন শারদীয় দুর্গোৎসবে সকলে অংশগ্রহণ ও সহযোগিতা কামনা করেন। কোন ধরণের অপ্রীতিকর ঘটনা যেন না ঘটে সে বিষয়ে সকলকে সর্তক দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় করোনাকালীন সময়ে সকলকে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে চলার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪২৭৩
মোবাইল: ০১৭১১-৩৩৩৩৭১
ইমেইল: upzch.atpara@gmail.com

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.১৭-৭২৭ তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৫. উপজেলা ............................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৬. চেয়ারম্যান .......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৭. জনাব ..........................................................................................................

৩০/০৯/২১
(মাহফুজা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১
মোবাইল:০১৭৫৫-৬৭২১৪১
ইমেইল:unoatpara@yahoo.com
ওয়েবমেইল:unoatpara@mopa.gov.bd

CamScanner

সরকারি কর্মকর্তাদের হাজিরা

| | | সভার তারিখ ২৫/৭/২০২২ | সভার তারিখ ২৫/৮/২২ | সভার তারিখ ৩০/৯/২২ | সভার তারিখ ১৪/১০/২২ | সভার তারিখ ১৮/১১/২২ | সভার তারিখ ২৩/১২/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প. প. অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] |
| ০৩. | উপজেলা কৃষি অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা [illegible] অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা [illegible] অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | উপজেলা শিক্ষা অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | উপজেলা [illegible] কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | উপজেলা [illegible] অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০. | উপজেলা [illegible] প্রকৌশলী, কেন্দুয়া, নেত্রকোনা | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] |

| ক্রমিক | নাম ও পদবি | সভার তারিখ ২৭/৭/২২ | সভার তারিখ ২৫/৮/২২ | সভার তারিখ ৩০/৯/২২ | সভার তারিখ ২৪/১০/২২ | সভার তারিখ ২৮/১১/২২ | সভার তারিখ ২৬/১২/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা | [signature] | | [signature] | | [signature] | [signature] |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] |
| ১৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটপাড়া, নেত্রকোনা | Rupa | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৭ | [illegible], [illegible] সমিতি, আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৮ | [illegible], আটপাড়া, নেত্রকোনা | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৯ | মুক্তিযোদ্ধা [illegible] প্রতিনিধি [illegible] | | | | | | |
| ২০ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা | Bulbi | Bulbi | Bulbi | Bulbi | Bulbi | Bulbi |

# জনপ্রতিনিধিগণের হাজিরা

| | | সভার তারিখ | সভার তারিখ | সভার তারিখ | সভার তারিখ | সভার তারিখ | সভার তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২৫/৭/২২ | ২৫/৮/২২ | ৩০/৯/২২ | ২৭/১০/২২ | ২৮/১১/২২ | ২৯/১২/২২ |
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪. | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৮. | চেয়ারম্যান, তেঁতুলিয়া ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৯. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১০. | চেয়ারম্যান, [illegible] ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোনা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

| | | সভার তারিখ ২৮/৭/২২ | সভার তারিখ ২৮/৮/২২ | সভার তারিখ ৬/৯/২২ | সভার তারিখ ১৪/১০/২২ | সভার তারিখ ২৮/১১/২২ | সভার তারিখ ২৬/১২/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ১১. | নাম: পারভীন আক্তার সংরক্ষিত মহিলা সদস্য উপজেলা পরিষদ [illegible] | পারভীন | পারভীন | পারভীন | পারভীন | পারভীন | পারভীন |
| ১২. | নাম: পারুল আক্তার সংরক্ষিত মহিলা সদস্য উপজেলা পরিষদ [illegible] | পারুল | পারুল | পারুল | পারুল | পারুল | পারুল |
| | | | | | | | |